তারিখ ... 13 MAY 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

# ইডেন কলেজছাত্রী পুতুল হত্যায় স্বামীর মৃত্যুদণ্ড

■ নিজস্ব প্রতিবেদক, *বাগেরহাট*

বাগেরহাটের মোল্লাহাটে ইডেন কলেজের ছাত্রী শরিফা বেগম পুতুলকে হত্যার দায়ে স্বামী মো. মাহমুদুল আলম শিকদারকে মৃত্যুদণ্ডাদেশ দিয়েছেন আদালত। গতকাল বৃহস্পতিবার সকালে বাগেরহাটের দায়রা জজ মিজানুর রহমান খান আসামির অনুপস্থিতিতে এ রায় ঘোষণা করেন। ২০১৩ সালের ১৩ মে পুতুলকে গলা কেটে হত্যা করা হয়। দণ্ডপ্রাপ্ত মাহমুদুল মোল্লাহাট উপজেলার উদয়পুর ইউনিয়নের দৈবকান্দি গ্রামের মৃত শামছুল আলম শিকদারের ছেলে। নিহত পুতুল একই গ্রামের আবু দাউদ শেখের মেয়ে ও ঢাকার ইডেন কলেজের ইতিহাস বিভাগের সম্মান তৃতীয় বর্ষের ছাত্রী ছিলেন।

বাগেরহাটের পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট শেখ মোহাম্মদ আলী জানান, মাহমুদুলের বড় ভাই শাইকুল পুতুলের বড় বোন সাগরিকার স্বামী। আত্মীয়তার সূত্রে পুতুল ও মাহমুদুলের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে এবং গোপনে তারা বিয়ে করেন। পরে ঘটনা জানাজানি হলে উভয় পরিবার এ সম্পর্ক মেনে নিয়ে ২০১৩ সালের ১০ মে আনুষ্ঠানিকভাবে তাদের বিয়ে দেন। এর তিন দিনের মাথায় ১৩ মে রাতে পুতুলের পরকীয়া সম্পর্ক রয়েছে এমন ধারণা থেকে ক্ষিপ্ত হয়ে ধারালো অস্ত্র দিয়ে স্ত্রীকে গলা কেটে হত্যা করে মাহমুদুল। এ ঘটনায় পুতুলের বাবা আবু দাউদ শেখ বাদী হয়ে মাহমুদুলকে আসামি করে মোল্লাহাট থানায় মামলা করেন। পরে মাহমুদুল থানা পুলিশের কাছে আত্মসমর্পণ করে হত্যার দায় স্বীকার করে। ১৪ সাক্ষীর সাক্ষ্যগ্রহণ শেষে আদালত গতকাল রায় দেন।